# বিপিএলে নোয়াখালী এক্সপ্রেসের ব্র্যান্ড অ্যাম্বাসেডর অভিনেতা জিয়াউল হক পলাশ



সংগৃহীত ছবি

আগামী দ্বাদশ বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) প্রথমবার অংশ নিতে যাচ্ছে নতুন ফ্র্যাঞ্চাইজি নোয়াখালী এক্সপ্রেস। দলের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে জনপ্রিয় অভিনেতা জিয়াউল হক পলাশকে ঘোষণা করা হয়েছে।

শুক্রবার (৫ ডিসেম্বর) রাতে ফেসবুকে এই তথ্য শেয়ার করে দলটি। পোস্টে স্বাভাবিক ও চমকপ্রদ শৈলীতে লেখা হয়, “ওরে রোকেয়ারে তুই কোনাই? আইতো! নোয়াখালী এক্সপ্রেসে করি বিপিএলে চলি আইছি!”

নাটক ব্যাচেলর পয়েন্ট–এর ‘কাবিলা’ চরিত্রে অভিনয়ের মাধ্যমে জনপ্রিয়তা পাওয়া জিয়াউল পলাশ দলের সঙ্গে যুক্ত হয়ে ক্রীড়া ও বিনোদনের মিলনে নতুন মাত্রা যোগ করবেন বলে আশা করা হচ্ছে।

স্কোয়াড গঠনের কাজ ইতোমধ্যেই সম্পন্ন করেছে নোয়াখালী এক্সপ্রেস। সরাসরি চুক্তিতে দলে যোগ দিয়েছেন হাসান মাহমুদ, সৌম্য সরকার, জনসন চার্লস ও কুশল মেন্ডিস।

নিলাম থেকে দলে নিয়েছেন - জাকের আলী (৩৫ লাখ), মাহিদুল ইসলাম (৩৫ লাখ), হাবিবুর রহমান (৫০ লাখ), নাজমুল ইসলাম (১৮ লাখ), আবু হাশিম (১৮ লাখ), মুশফিক হাসান (১৮ লাখ), শাহাদাত হোসেন (১৮ লাখ), রেজাউর রহমান (১৮ লাখ), মেহেদী হাসান (১৪ লাখ), সৈকত আলী (১৪ লাখ), সাব্বির হোসেন (১৪ লাখ), ইহসানউল্লাহ (২৮ হাজার ডলার) ও হায়দার আলী (২৫ হাজার ডলার)।

ফ্র্যাঞ্চাইজির এই নতুন ঘোষণা নোয়াখালী সমর্থকদের মধ্যে উত্তেজনা ও আশা বাড়িয়ে দিয়েছে।